গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা

নম্বর-৪২.০০.০০০০.০০০.০৩৪.৯৯.০০০৩.২৩-০৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার "দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুনঃখনন" কর্মসূচিসহ পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প/কার্যক্রম যথাযথভাবে সমন্বয় ও সহায়তা প্রদান করার জন্য নিম্নরূপভাবে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন করা হলো:

**(ক) কমিটির গঠন:**

| ক্র: নং | কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২। | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩। | পুলিশ সুপার | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| ৫। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৬। | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | সদস্য |
| ১০। | উপপরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ১১। | বন বিভাগের প্রতিনিধি (সহকারী বন সংরক্ষক-এর নিম্নে নয়) | সদস্য |
| ১২। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৩। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ | সদস্য |
| ১৪। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

০১. সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী খাল খনন কর্মসূচি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ, খননযোগ্য খালের অগ্রাধিকার তালিকা প্রণয়ন, বাস্তবায়নকারী সংস্থা নির্ধারণ, দ্বৈততা পরিহারে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও সমন্বয়সাধন;
০২. ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫ অনুযায়ী ড্রেজিংকৃত ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা;
০৩. নদী-নালা-খাল, জলাধার খনন কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়নে উদ্ভুত সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
০৪. জরুরি ও আপদকালীন কার্যক্রমসমূহের তদারকি ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণ;
০৫. নদী ভাঙ্গান সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ;
০৬. নদী ভাঙ্গান ও বন্যা পরিস্থিতিসহ অন্যান্য জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিক সতর্কীকরণ ও উদ্ধার এবং ত্রাণ কার্যক্রম তদারকি ও সমন্বয়সাধন;
০৭. খাল, জলাশয় ও নদীদূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
০৮. প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ জটিলতা নিরসনে কার্যক্রম গ্রহণ;
০৯. জলাধারের উপরে নির্মিত অবকাঠামো যথা- ব্রীজ, কালভার্ট, স্লুইস, বাঁধ ইত্যাদির বর্তমান অবস্থা এবং নৌ-চলাচলসহ প্রায়োগিক সুবিধা/অসুবিধার সুনির্দিষ্ট বিবরণ এবং মতামতসহ তালিকা প্রণয়ন ও বাস্তবায়নকারী সংস্থার নিকট প্রেরণ; এবং
১০. প্রয়োজনে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করা যাবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/০৪/২০২৬

যতন সার্মা
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৭৮
ই-মেইল: dev1mowr@gmail.com

নম্বর-৪২.০০.০০০০.০০০.০৩৪.৯৯.০০০৩.২৩-০৬ (১/১৯৮)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় কমিশনার----------------------------------------------------(সকল)।
৫। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গ্রীন রোড, ঢাকা।
৬। জেলা প্রশাসক------------------------------------------------------ (সকল)।
৭। পুলিশ সুপার-------------------------------------------------------- (সকল)।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির ৩০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)**।

২৮/০৪/২০২৬

যতন মার্মা
উপসচিব